



সূত্র নং-২৮.১১.০০০০.১১৪.৭৭.০০০.১৯/৮০৬

তারিখঃ ২৪/০২/২০১৯

অফিস আদেশ-১৬১ (সংশোধনী)

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর প্রশাসন ডিপার্টমেন্ট হতে বিগত ১৮-০২-২০০৭ তারিখে জারিকৃত অফিস আদেশ নং-প্রশাসন-০০২ (ভলিয়ম-৩৫)/১১১৩-এর মাধ্যমে গঠিত স্ট্যান্ডিং কনডেমনেশন কমিটিটি সংশোধন/পরিবর্তন পূর্বক নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে পুনর্গঠন করা হলো :

- | | | |
|---|---|------------|
| ১) উপ-মহাব্যবস্থাপক (মেইন্টেন্যান্স)
মেইন্টেন্যান্স ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | - | সদস্য |
| ২) উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)
ভান্ডার ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | - | সদস্য |
| ৩) উপ-মহাব্যবস্থাপক (হিসাব)
হিসাব ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | - | সদস্য |
| ৪) উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
পরিকল্পনা ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | - | সদস্য |
| ৫) ব্যবস্থাপক (পরিবহন)
কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | - | সদস্য-সচিব |
| ৬) বিভাগীয় প্রধান বা তাহার প্রতিনিধি
মেকানিক্যাল ডিপার্টমেন্ট
কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কোটবাড়ি, কুমিল্লা। | - | সদস্য |
| ৭) সহকারী পরিচালক বা তাহার প্রতিনিধি
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)
কোর্ট বিল্ডিং, কুমিল্লা। | - | সদস্য |

উপ-মহাব্যবস্থাপক (আইটি) এর দপ্তর
এসএম নং: ২৩৭ তারিখ: ১৫.০২.২০১৯
সেহেন নং: ৩৫৫

- ২। অব্যবহারযোগ্য/অকেজো মালামাল অপসারণ ও বাতিল ঘোষণার প্রস্তাবের ওপর বর্ণিত স্ট্যান্ডিং কনডেমনেশন কমিটি প্রস্তাবিত মালামাল সরেজমিনে পরীক্ষা করে মালামালের গুণগতমান ও উপযুক্ততা যাচাইপূর্বক চিহ্নিত মালামাল পুনঃব্যবহার/অপসারণ/নিলামের সুপারিশসহ প্রস্তাবের ক্ষেত্রে ৭নং ক্রমিকের বর্ণিত সদস্য অর্থাৎ বিআরটিএ'র প্রতিনিধি দরকার হবে না। তবে অব্যবহারযোগ্য/গাড়ী অকেজো ও বাতিল ঘোষণার ক্ষেত্রে গাড়ীর গুণগতমান ও উপযুক্ততা যাচাইপূর্বক চিহ্নিত গাড়ী পুনঃব্যবহার/অপসারণ/নিলামের সুপারিশসহ প্রস্তাবের ক্ষেত্রে বর্ণিত কমিটির ক্রমিক নং ৬ এবং ক্রমিক নং ৭ এর সদস্য অর্থাৎ কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট-এর মেকানিক্যাল ডিপার্টমেন্টের বিভাগীয় প্রধান অথবা তার প্রতিনিধি এবং বিআরটিএ'র কুমিল্লার সহকারী পরিচালক অথবা তার প্রতিনিধির অংশ-গ্রহণের অপরিহার্যতা রয়েছে। বহিরাগত সদস্যগণের স্ট্যান্ডিং কনডেমনেশন কমিটিতে মনোনয়ন প্রদানের নিমিত্ত যোগাযোগ/পত্র প্রেরণ এবং পেট্রোবাংলার স্মারক অনুযায়ী তাদেরকে সম্মানী প্রদানের সকল ব্যবস্থা বর্ণিত কমিটির আহ্বায়ক গ্রহণ করবে। কমিটি এতদসংক্রান্ত একটি রিপোর্ট সুপারিশসহ প্রস্তাব মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর নিকট দাখিল করবে।
- ৩। কনডেমনেশন কমিটির সুপারিশসহ প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে স্ট্যান্ডিং নিলাম কমিটি প্রয়োজনীয় ক্ষেত্রে প্রস্তাবিত মালামাল নিয়মানুযায়ী সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদন গ্রহণপূর্বক নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।
- ৪। কমিটির জ্যেষ্ঠ কর্মকর্তা আহ্বায়কের দায়িত্ব পালন করবে।
- ৫। এ পরিপ্রেক্ষিতে বিগত ১৮-০২-২০০৭ তারিখে জারিকৃত কোম্পানির অফিস আদেশ নং-প্রশাসন-০০২ (ভলিয়ম-৩৫)/১১১৩ বর্ণিত স্ট্যান্ডিং কনডেমনেশন কমিটিটি বাতিল বলে গণ্য হবে।
- ৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫
২৪/২/১৯

(এম, এ, হান্নান আজাদ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ : কমিটির সদস্য/সদস্য সচিব.....।

অনুলিপি :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল, কুমিল্লা।
- ২। সংশ্লিষ্ট ডিভিশনাল/ডিপার্টমেন্টাল প্রধান.....
- ৩। উপ-মহাব্যবস্থাপক (আইটি)-কে বিজিডিসিএল ওয়েবসাইট ও কোম্পানির ফেসবুক পেইজে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ৪। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিডিসিএল, কুমিল্লা।
- ৫। অফিস কপি।

M(e-প্রশাসন)
১৫.০২.১৯